

## 💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৩৬৪৭

২৯/ দু'আ ও যিকর

পরিচ্ছেদঃ দু'আর গুরুত্ব ও মাহাত্ম্য এবং নবী (ৠৄর্) এর কতিপয় দু'আর নমুনা

## আরবী

وَعَنْ طَارِقِ بِنِ أَشْيَمَ قَالَ: كَانَ الرَّجُلُ إِذَا أَسْلَمَ عَلَّمَهُ النَّبِيُّ عَلَيْ الصَّلاَةَ ثُمَّ أَمْرَهُ أَنْ يَدْعُو بِهَوْلاَءِ الكَلِمَاتِ اللَّهُمَّ اغْفِرْ لِي وَارْحَمْنِي وَاهْدِني وَعَافِني وَارْزُقْنِي رواه مسلم وَفِي رِوَايَةٍ لَـهُ عَنْ طَارِقٍ: أَنَّه سَمِعَ النَّبِيَّ عَلَيْ وَأَتَاهُ رَجُلٌ فَقَالَ: يَا رَسُوْلَ اللهِ كَيْفَ أَقُولُ حِيْنَ أَسْأَلُ رَبِّي ؟ قَالَ قُلْ: اللَّهُمَّ اغْفِرْ لِي وَارْحَمْنِي وَعَافِني وارْزُقْنِي فَإِنَّ هَوُّلاَءِ تَجْمَعُ لَكَ دُنْيَاكَ وَآخِرَتَكَ

## বাংলা

(৩৬৪৭) ত্বারেক ইবনে আশয়্যাম (রাঃ) থেকে বর্ণিত, তিনি বলেন, কেউ ইসলাম ধর্মে দীক্ষেত হলে নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম তাকে নামায শিখাতেন। তারপর তাকে এই দু'আ পাঠ করতে আদেশ করতেন, 'আল্লা-হুস্মাগফিরলী, অরহামনী, অহদিনী, অ আ-ফিনী, অরযুক্কনী।'

অর্থাৎ, হে আল্লাহ! আমাকে ক্ষমা কর, আমার প্রতি দয়া কর, আমাকে সঠিক পথ দেখাও, আমাকে নিরাপত্তা দান কর এবং আমাকে জীবিকা দাও। (মুসলিম ৭০২৫-৭০২৬)

অন্য এক বর্ণনায় আছে, ত্বারেক নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে বলতে শুনেছেন, যখন তাঁর নিকটে একটি লোক এসে নিবেদন করল, 'হে আল্লাহর রসূল! যখন আমি আমার প্রভুর কাছে প্রার্থনা করব, তখন কী বলব?' তখন তিনি বললেন, ''বল, 'আল্লাহুম্মাণ ফিরলী---।' কারণ, এই শব্দগুলিতে তোমার ইহকাল-পরকাল উভয়ই শামিল রয়েছে।''

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইবেরী

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন